

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর  
ঢাকা-১০০০

ওয়েব সাইট: www.bnmc.gov.bd  
ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনসি/প্রশা-৪৮(৬)/২০১৬/৪৩৭

তারিখঃ ১৩ জুলাই ২০১৬ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্টার্ড নার্স-মিডওয়াইফ ও সহযোগী পেশার সংশ্লিষ্টগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাউন্সিলের নির্বাহী কমিটির ২৮ জুন ২০১৬খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক (ক) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে সংযুক্ত ছবি নষ্ট হলে (রেজিস্ট্রেশন কার্ড ভাল থাকলে) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন-সহ সত্যায়িত (সত্যায়নকারি কর্মকর্তার বিএনসি'র রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ পূর্বক) করা ছবি জমা দিলে পুরাতন ছবির পরিবর্তে নতুন ছবি (সঠিক পরিমাপ) যুক্ত করে বর্তমান রেজিস্ট্রারের স্বাক্ষর, সীল, এ্যাম্বুস সীল-সহ প্রয়োজনীয় সেবা প্রদান করা যাবে। এ ক্ষেত্রে **বাংলাদেশ নার্সিং কাউন্সিল** এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ক্রস চেকের মাধ্যমে ২০০/- (দুইশত) টাকা ফি পরিশোধ করতে হবে।

(খ) সভাপতি মহোদয় স্বাক্ষরিত মূল সার্টিফিকেটে এবং রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত রেজিস্ট্রেশন, মার্কসীট ইত্যাদি কাগজপত্রে প্রার্থীর/ পিতা/ মাতার নাম সংশোধন/ পরিবর্তনের ক্ষেত্রে আদালত/ নোটারি পাবলিকের এফিডেভিট এবং এসএসসি ও এইচএসসি এর নতুন (ফ্রেস) সনদপত্র পাওয়া সাপেক্ষে কাউন্সিল কর্তৃক নতুনভাবে (ফ্রেস) কাগজ ইস্যু করা যাবে। এ ক্ষেত্রে পুনরায় নির্ধারিত ফি প্রদান করতে হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬১১১৬, ৭১২৬১৩৩, ৯৫৬৪১৫৯

টেলি-ফ্যাক্সঃ ৯৫৬১১১৬

স্মারক নং-বিএনসি/(প্রশা-৭৭, অংশ-৬)/২০১৬/৪৩৭/১(৫০০)

তারিখঃ ১৩ জুলাই ২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যসম্পাদনের জন্যঃ

১. সভাপতি, বাংলাদেশ নার্সিং কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিঃ সহঃ সচিব, নার্সিং শাখা);
২. পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, সেবা পরিদপ্তর ও ট্রেজারার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল (সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অনুরোধসহ)।
৪. নার্সিং সুপারিনটেনডেন্ট/সুপার ভাইজার/ ইনচার্জ, মেডিকেল কলেজ হাসপাতাল/জেনারেল হাসপাতাল/সদর হাসপাতাল/ আধুনিক হাসপাতাল ও অন্যান্য সকল হাসপাতাল সমগ্র বাংলাদেশ. ....
৫. হিসাব রক্ষক, বিএনসি।
৬. জনাব/ বেগম .....



রেজিস্ট্রার